

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৩০

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقَيَامَة ويدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জান্নাত ও জান্নাতবাসীদের বিবরণ

الفصل التَّنِف (باب صفة الجنة وَأَهْلهَا)

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَلْتُ: يَا رَسُولَ اللَّهِ مِمَّ خُلِقَ الْخَلْقُ؟ قَالَ: «مِنَ الْمَاءِ». قُلْنَا: الْجَنَّةُ مَنْ أَبِيَا فُهَا بِنَاقُهَا الْمِسْكُ الْأَذْفَرُ وَحَصِبْاقُهَا الْمِسْكُ الْأَذْفَرُ وَحَصِبْاقُهَا اللَّوْلُوَ فَا اللَّوْلُو وَالْيَاقُوتُ وَتُرْبَتُهَا الزَّعْفَرَانُ مَنْ يَدْخُلُهَا يَنْعَمُ وَلَا يَبْأَسُ وَيَخْلُدُ وَلَا يَمُوتُ وَلَا يَبْلَى اللَّوْلُو وَالْيَاقُوتُ وَلَا يَمُوتُ وَلَا يَبْلَى اللَّوْلُو وَالْيَاقُوتُ وَلَا يَمُوتُ وَلَا يَبْلَى اللَّهُمْ وَلَا يَبْلَى اللَّهُمْ وَلَا يَفْنَى شَبَابُهُمْ ». رَوَاهُ أَحْمَدُ وَالتِرْمِذِي والدارمي

سنده ضعيف ، رواه احمد (2 / 305 ح 8030) و الترمذى (2526 و ضعفه) و الدارمى (2 / 333 ح 2824) * زياد الطائى لم يثبت سماعه من ابى هريرة رضى الله عنه و لبعض الحديث شاهد عند الترمذى (3598) و سنده حسن

বাংলা

৫৬৩০-[১৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি প্রশ্ন করলাম, হে আল্লাহর রাসূল! আল্লাহ তা'আলা সমস্ত সৃষ্টিজীবকে কিসের দ্বারা তৈরি করেছেন? তিনি (সা.) বললেন, পানি দ্বারা। আবার প্রশ্ন করলাম, জান্নাতের নির্মাণ কিসের দ্বারা? তিনি (সা.) বললেন, একটি ইট স্বর্ণের এবং একটি ইট রৌপ্যের। তার খামির বা মসল্লা হলো সুগন্ধময় কস্তুরী এবং তার কন্ধর মণি-মুক্তা আর জাফরানের মাটি। যে লোক তাতে প্রবেশ করবে সে সুখে-স্বাচ্ছন্দ্যে থাকবে, কখনো হতাশা বা দুশ্চিন্তায় পতিত হবে না। সেখানে চিরস্থায়ী থাকবে, কখনো মৃত্যুবরণ করবে না, তাদের পোশাক-পরিচ্ছদ ময়লা-পুরানা হবে না এবং তাদের। যৌবনও শেষ হবে না। (আহমাদ, তিরমিয়ী, দারিমী)

English

عن أبي هريرة قال: قلت: يا رسول الله مم خلق الخلق؟ قال: «من الماء» . قلنا: الجنة ما بناؤها؟ قال: «لبنة



من ذهب ولبنة من فضة وملاطها المسك الأذفر وحصباؤها اللؤلؤ والياقوت وتربتها الزعفران من يدخلها ينعم ولا يبأس ويخلد ولا يموت ولا يبلى ثيابهم ولا يفنى شبابهم». رواه أحمد والترمذي والدارمي

ফুটনোট

সহীহঃ মুসনাদে আহমাদ ৮০৩০, তিরমিয়ী ২৫২৬, দারিমী ২৮২১, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩৭১১, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ১৪২০, সহীহ ইবনু হিব্বান ৭৩৮৭, শু'আবূল ঈমান ৭১০১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮৯৫, আল মু'জামুল আওসাত্ব ৭১১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مِمَّ خُلِقَ الْخَلْقُ) আল্লাহর রাসূল (সা.) -কে জিজ্ঞেস করা হলো যে, সকল মানুষকে কি দ্বারা সৃষ্টি করা হয়েছে? তিনি (সা.) বললেন, পানি থেকে।

প্রকৃতপক্ষে তিনি (সা.) কুরআন আয়াতের আলোকে তা বলেছেন। আল্লাহ রাব্বুল আলামীন বলেছেন, وَ جَعَلَا السَّمَاءِ كُلُّ شَيَّءٍ حَيِّ (... نَّ عَنَ السَّمَاءِ كُلُّ شَيَّءٍ حَيِّ شَيَّءٍ حَيٍّ دَيٍّ السَّمَاءِ كُلُّ شَيَّءٍ حَيٍّ دَيً السَّمَاءِ عَلَى السَّمَةِ عَلَى السَّمَاءِ عَلَى السَّمَ عَلَى السَّمَاءِ عَلَى السَّمَاءِ عَلَى السَّمَ عَلَى السَّمَ عَلَى السَّمَ عَلَى السَّمَاءِ عَلَى السَّمَاءِ عَلَى السَّمَاءِ

অন্যত্র তিনি বলেছেন, (... ﴿ اللّٰهُ خَلَقَ كُلُّ دَأَبَّةٍ مِّن ا مَّآءٍ...) "আল্লাহ সকল প্রাণীকে পানি থেকে সৃষ্টি করেছেন"- (সূরা আন্ নূর ২৪ : ৪৫)। এর মূল কারণ হলো পানি হলো একটি মৌলিক উপাদান এবং মানব জীবনের অন্যতম একটি অংশ যা ছাড়া মানুষের জীবন-যাপন একেবারেই দুষ্কর হয়ে যায়। আর এখানে পানি দ্বারা সাধারণ পানিকে বুঝানো হয়নি, বরং এই পানি দ্বারা বিশেষ এক প্রকার পানি (বীর্য)-কে বুঝানো হয়েছে।

প্রকৃতপক্ষে এই পানি সাধারণ পানি থেকে তৈরি হয় সেটা কিভাবে? উত্তর: আমরা যে সকল শাকসবজী ও ফল-ফলাদি খাই তা মূলত পানির মাধ্যমে উৎপন্ন হয়, এরপর তা আমরা খাওয়ার পর বীর্য তৈরি হয়, আল্লাহর রসূলের সংক্ষিপ্ত কথার সারাংশ এটাই। (তুহফাতুল আহ্ওয়াযী হা. ২৫০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন